34

দৈনিক সংবাদ

তারিখ ... 01 DEC 1998 ...
পৃঃ [illegible] কলাম ৫ .....

# রোজার মধ্যেই সব স্কুলের বার্ষিক পরীক্ষার ফল

(নিজস্ব বার্তা পরিবেশক)

রোজার মধ্যেই এবার সকল স্কুলের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠান ও ফলাফল প্রকাশিত হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এক জরুরি বিজ্ঞপ্তিতে ১ থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে সারাদেশের প্রাথমিক ও মাধ্যমিক স্কুলগুলোর বার্ষিক পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের নির্দেশ দিয়েছে। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষা পূর্বঘোষিত তারিখেই অনুষ্ঠিত হবে এবং শিক্ষা বোর্ডগুলোর ঘোষিত সময়সূচি অনুযায়ী নির্বাচনী পরীক্ষা ও পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। দেশের ৫টি শিক্ষা বোর্ড অপর এক নির্দেশে ১০ ডিসেম্বরের মধ্যে জরিমানা ছাড়া ও ১৭ ডিসেম্বরের মধ্যে জরিমানাসহ এসএসসি'র পরীক্ষার্থীদের ফরম পূরণ শেষ করার নির্দেশ দিয়েছে স্কুলগুলোকে। বোর্ডের এক কর্মকর্তা জানান, ২২ ডিসেম্বরের মধ্যে সকল স্কুলের ফরম পূরণ শেষ করে সংশ্লিষ্ট বোর্ডে পাঠাতে হবে।